

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪/৫৬

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।  
২০ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

**টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, সিপাইপাড়া, রাজশাহী পরিদর্শন প্রতিবেদন**

গত ০১/১১/২০১৯ তারিখে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, সিপাইপাড়া, রাজশাহী পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মোঃ মাহবুবুল ইসলাম, প্রকল্প পরিচালক, বিদ্যমান ৭ টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও নতুন ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, জনাব মোঃ আব্দুর রকিব, প্রকল্প পরিচালক, শহীদকামরুজ্জামান টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, জনাব মোঃ আসাদুজ্জামান, উপ-পরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, রাজশাহী, সুপারিনটেনডেন্ট, শিক্ষক মন্ডলী, অন্যান্য কর্মচারী এবং ছাত্র/ছাত্রীরা উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটি ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত।

**২। জনবল পরিস্থিতি**

প্রতিষ্ঠানটিতে অনুমোদিত জনবল ১৬ টি, ১৩ জন কর্মরত আছেন এবং ৩টি পদ শূন্য রয়েছে।

**৩। ভবন ও স্থাপনা**

প্রতিষ্ঠানটি ১৯৯৬ সাল হতে ভাড়ার ভিত্তিতে পরিচালিত হচ্ছে। বিভাগীয় শহরের এই প্রতিষ্ঠানটি ইতোমধ্যে প্রকল্পভুক্ত হয়ে নিজস্ব ভবনে স্থানান্তর হওয়া উচিত ছিল। প্রতিষ্ঠানটিতে ২৫০ জন ছাত্র/ছাত্রী এর মধ্যে ৬০ জন ছাত্রী। উক্ত ভাড়া বাড়িতে এসকল ছাত্র/ছাত্রীদের স্থান সংকুলান হয়না। টেক্সটাইল ভোকেশনালে ছাত্রী ভর্তির হার অত্যন্ত কম। স্থানীয় ভাবে প্রচার প্রচারনা করা হলে ভবিষ্যতে ছাত্রী ভর্তি হার বৃদ্ধি পাবে।

**৪। পরীক্ষার ফলাফল**

গত ৫ বৎসরে প্রতিষ্ঠানটির এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকৃত ছাত্র/ছাত্রীদের সংখ্যা ও পাশের হারঃ


সন	পরীক্ষার্থী সংখ্যা			পাশের সংখ্যা			পাশের হার
	ছাত্র	ছাত্রী	মোট	ছাত্র	ছাত্রী	মোট	
২০১৫	৩৬	২৮	৬৪	৩৪	২৬	৬০	৯৩.৭৫%
২০১৬	২৭	১৩	৪০	২৭	১০	৩৭	৯২.৫০%
২০১৭	২২	৩০	৫২	২২	২৯	৫১	৯৮.০৮%
২০১৮	৫৯	৩০	৮৯	৫৫	৩০	৮২	৯২.১৩%
২০১৯	৬৬	২৯	৯৫	৬২	২৫	৮৭	৯১.৫৮%

টেক্সটাইল ভোকেশনালে পাশের হার সন্তোষজনক। তবে শিক্ষার মান উন্নত করতে হবে যেন পাশকৃত ছাত্র-ছাত্রীগণ ডিপ্লোমা ও বিএসসি কোর্সে ভর্তি হয়ে বস্ত্র শিক্ষা গ্রহণ করে উন্নত কর্মসংস্থান হয়।

পাতা-২

পরিদর্শন মন্তব্যঃ


- ১। ভাড়াকৃত ভবনে স্থান সংকুলান না হওয়ায় উপযুক্ত ভবন চিহ্নিত করে গণপূর্ত অধিদপ্তরের রেইট অনুযায়ী ভাড়া গ্রহণ ও প্রতিষ্ঠান স্থানান্তরের প্রস্তাব প্রেরণ করতে হবে।
- ২। প্রতিষ্ঠানের নিজস্ব ভবন নির্মাণের জন্য বিটিএমসি বা বিজেএমসি এর নিকটবর্তী অব্যবহৃত ভূমিতে ভবন নির্মাণের প্রস্তাব দিতে হবে। অথবা বিকল্প কোন ভূমি পাওয়া গেলে প্রাথমিক প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।
- ৩। মাল্টি মিডিয়া ক্লাস রুমের জন্য একটি প্রজেক্টর প্রয়োজন। পরিচালক (প্রশাসন ও অর্থ) এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। শিক্ষকদের পাঠদানে যত্নশীল হতে পরামর্শ দেয়া হলো।

  
(দিলীপ কুমার সাহা)  
মহাপরিচালক  
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।  
ফোনঃ ৯১৩৮৬৬১।

পাতা-৩

বিতরণ:

- ১। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/ পরিকল্পনা ও উন্নয়ন, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, রাজশাহী।
- ৪। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, সিপাইপাড়া, রাজশাহী।

  
(দিলীপ কুমার সাহা)  
মহাপরিচালক  
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।  
ফোনঃ ৯১৩৮৬৬১।

বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

রাজশাহী

সিপাইপাড়া, রাজশাহী